**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম।
**www.teaboard.gov.bd**

স্মারক নম্বর-২৬.০৯.০০০০.১০৪.৩৩.০৫৪.২১-২৪৮(৭)

তারিখ : ৩১ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ১৫ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: "কর্ণঝড়া এগ্রো লিমিটেড" নামীয় বটলিফ চা কারখানায় বিভিন্ন অনিয়মের কারণে কারখানার কার্যক্রম স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয় পঞ্চগড়ের ১৪.০৭.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের বিটিবি/পঞ্চ/বিবিধ-১৪৬/২০২৪-১৩৮ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর পরিচালনাধীন "কর্ণঝড়া এগ্রো লিমিটেড" নামীয় বটলিফ চা কারখানাটি গত ১৪.০৭.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয় পঞ্চগড় এর ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন সময়ে কারখানার মজুদ রেজিষ্টারে ২০২৪ সনে ৩১ ডিসেম্বরে ৩৯,৫৭৯ হাজার কেজি চা দেখানো হলেও ২০২৫ এ প্রারম্ভিক মজুদ ব্যালেন্স "শূন্য" দেখানো হয়েছে। জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল' ২০২৫ মাসে চা কারখানাটি বন্ধ ছিল। ১১ মে'২০২৫ তারিখে কারখানায় চা প্রক্রিয়াজাত শুরু করে ১৬,১৪১ কেজি চা তৈরী করা হয়। মে'২০২৫ মাসে বিদ্যুৎ ৮২ হাজার ইউনিট ব্যবহার করা হয়েছে। কেজি প্রতি বিদ্যুৎ ব্যবহারের হার ৫.০৮ ইউনিট। গত ০৩.০৭.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত রিকভারি হার ১৯.৫০%। এছাড়াও কারখানা কর্তৃপক্ষ কর্তৃক অকশনে প্রেরিত চায়ের পরিমাণসহ সংশ্লিষ্ট তথ্যাদি টি সফটে নিয়মিত এন্ট্রি দেয়া হয় না।

০২। এমতাবস্থায়, "কর্ণঝড়া এগ্রো লিমিটেড" নামীয় বটলিফ চা কারখানার উল্লিখিত অনিয়মের বিষয়ে সুস্পষ্ট সমাধান না হওয়া পর্যন্ত তাঁর মালিকানাধীন চা কারখানার কার্যক্রম নির্দেশক্রমে স্থগিত করা হলো। একইসাথে কারখানাটি আগামী ১৬.০৭.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ রাখার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/০৭/২০২৫

সুমন সিকদার
উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাপ্ত)
ফোন: ০২৩৩৩৩৭৫০৬৩
ইমেইল:btbplanning@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক
কর্ণঝড়া এগ্রো লিমিটেড
বিসিক শিল্পনগরী
উপজেলাঃ পঞ্চগড় সদর
জেলাঃ পঞ্চগড়।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।
২। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড়।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, ধাক্কামারা, পঞ্চগড়। (বিষয়টি কারখানা কর্তৃপক্ষকে অবহিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৪। সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তার কার্যালয়, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পঞ্চগড়।

৫। জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। (বিষয়টি বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৬। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

৭। পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।